

স্মারক নম্বর: ৪৬.০০.১৫০০.০৪২.৯৯.০১৮.২০২০.১৮৯৭

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮

০৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: চট্টগ্রাম জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক স্থাপনা নির্মাণের ফলে সৃষ্ট ভূমি বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর।

সূত্র: ১. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক ৩৩.০০.০০০০.১২০.১৮.০০৬.১৯-৭০, তারিখ: ০৩ মার্চ ২০২১;

২. জেলা পরিষদ, চট্টগ্রাম এর স্মারক ৪৬.৪২.১৫০০.০০১.০২.০০১.২১-২১৬৩, তারিখ: ১৯ মে ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক স্থাপনা নির্মাণের ফলে সৃষ্ট ভূমি বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের তৎকালীন যুগ্মসচিব (উপজেলা) এর নেতৃত্বে গঠিত পাঁচ সদস্যের আন্তঃমন্ত্রণালয় কমিটি কর্তৃক নিম্নবর্ণিত সুপারিশ করা হয় (কপি সংযুক্ত):

(ক) থানা প্রাণিসম্পদ কার্যালয়ের পুরাতন একতলা ভবন এবং জেলা প্রাণী হাসপাতালের তিনতলা পুরাতন ভবনের সমআয়তনের একটি ভবন চট্টগ্রাম জেলা পরিষদ নিজ খরচে জমির দক্ষিণ-পূর্ব অংশে জেলা প্রাণিসম্পদ বিভাগের জন্য নির্মাণ করে দিবে। উক্ত ভবন জেলা প্রাণিসম্পদ বিভাগকে হস্তান্তর করার পর জেলা প্রাণিসম্পদ কার্যালয় থানা প্রাণিসম্পদ কার্যালয়ের পুরাতন একতলা ভবন এবং জেলা প্রাণিসম্পদ হাসপাতালের তিনতলা পুরাতন ভবন ৬০ দিনের মধ্যে নিজ খরচে অপসারণ করে খালি জায়গা জেলা পরিষদ, চট্টগ্রাম এর নিকট হস্তান্তর করবে।

(খ) চট্টগ্রাম জেলা পরিষদ নিজ খরচে যে ভবনটি নির্মাণ করে দিবে, সে ভবনের সামনে গবাদি পশুর চিকিৎসার জন্য শেড নির্মাণের লক্ষ্যে যে পরিমাণ জমি প্রয়োজন, সে পরিমাণ জমি খালি রাখার ব্যবস্থা গ্রহণ করবে।

(গ) জেলা পরিষদের অর্থায়নে জেলা প্রাণিসম্পদ বিভাগের জন্য নব নির্মিতব্য ভবন ও তার সামনের খালি জায়গা মিলে যে পরিমাণ জায়গা প্রাণিসম্পদ বিভাগের জন্য বরাদ্দ রাখা হবে, সে পরিমাণ জায়গা জেলা প্রাণিসম্পদ বিভাগ নিজ খরচে জেলা পরিষদের নিকট হতে রেজিস্ট্রেশন করে নিবে।

২। এমতাবস্থায়, উল্লিখিত সুপারিশসমূহ যথাযথ অনুসরণে প্রাণিসম্পদ অধিদপ্তর ও জেলা পরিষদ, চট্টগ্রাম-এর মধ্যে পারস্পরিক আলোচনা ও সমঝোতার মাধ্যমে দ্রুততম সময়ে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৬-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

বিতরণ :

ইমেইল: lgzp@lgd.gov.bd

১) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: উপসচিব (প্রাণিসম্পদ-৪
অধিশাখা)]

২) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার
রোড, ফার্মগেট, ঢাকা।

৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম

স্মারক নম্বর: ৪৬.০০.১৫০০.০৪২.৯৯.০১৮.২০২০.১৮৯৭/১(৪)

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮
০৫ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ



৬-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব